

শ্রমিকরা অনেক ক্ষেত্রে ভারী মালপত্র সরানোর সময় পিঠে, কোমরে ,কাধে ও হাতের কবজিতে ব্যাথা পেয়ে থাকে । খালি হাতে ভারী জিনিসপত্র গাড়িতে ঢোকাতে ও বের করতে কিংবা লোকবলের অভাবে একা একা মালপত্র বহন করতে গিয়ে এ ধরনের সমস্যা হতে পারে । তাই জিনিস সরানোর জন্য ট্রলি ব্যবহার করতে হবে । ভারী জিনিস দাঁড়িয়ে কিংবা কোমর নিচু করে না তুলে বরং বসে আস্তে আস্তে উপরে তুলতে হবে । চিত্রের সাহায্যে ভার বহনের নিয়ম তুলো ধরা হলো-



ঢাকা গার্মেন্ট এন্ড ওয়াশিং লিমিটেড -এ কোন পুরুষ বা মহিলাকে নিম্নবর্ণিত ওজনের অতিরিক্ত ওজন বিশিষ্ট কোন দ্রব্য, যন্ত্রপাতি, হাতিয়ার বা সরঞ্জাম কাহারো সাহায্য ব্যতীত হাতে বা মাথায় করিয়া উত্তোলন, বহন বা অপসারণের উদ্দেশ্যে নিয়োগ করা হয় না এবং নিয়োগ কৃত কোন শ্রমিকের দ্বারা নিম্নরূপ ওজনের অতিরিক্ত ওজন বহন, উত্তোলন বা অপসারণ করা হয় না ।

১. প্রাপ্তবয়স্ক পুরুষ = ৫০ কি:গ্রা;
২. প্রাপ্তবয়স্ক মহিলা = ৩০ কি:গ্রা ।

এছাড়া ওজন বহন করিয়া যদি সিঁড়ি বেয়ে উপরে উঠতে হয় সেক্ষেত্রে,

১. প্রাপ্ত বয়স্ক পুরুষ = ৪০ কি:গ্রা;
২. প্রাপ্ত বয়স্ক মহিলা = ২৫ কি:গ্রা ।

যদি কোন অন্তসত্ত্বা মহিলা থাকে তাহলে উক্ত মহিলাকে কোন দ্রব্য, সরঞ্জাম বা যন্ত্রপাতি হাতে বা মাথায় করিয়া বহন, উত্তোলন বা অপসারণের কাজে নিয়োজিত করা হয় না ।

ওজন বহনের ক্ষেত্রে পুরুষ শ্রমিক যে মজুরী পান মহিলা শ্রমিকও উক্তরূপ মজুরী পান। এক্ষেত্রে কোনরূপ বৈষম্য করা হয় না।

তাছাড়া উক্ত প্রতিষ্ঠানে পরিবহনের জন্য ব্যবহৃত রাস্তা সব সময় বাঁধামুক্ত রাখা হয় যেন শ্রমিকগণ কাজ করার সময় হেঁচট খাইবার সম্ভাবনা না থাকে এবং উহা কোন মতেই পিচ্ছিল রাখা হয় না।